তারিখ ... 9 JUL 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

যুগান্তর

# সারাদেশে একযোগে এসএসসি প্রাক-নির্বাচনী পরীক্ষা আগস্টে

যুগান্তর রিপোর্ট

আগামী ৪ ও ১০ আগস্ট সারাদেশে স্কুলের দশম শ্রেণীর শিক্ষার্থীদের একযোগে প্রিটেস্টের বাংলা ও ধর্ম বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। শিক্ষা মন্ত্রণালয় বুধবার এ সিদ্ধান্ত ঘোষণা করেছে। একই প্রশ্নপত্রে ওই পরীক্ষা নেয়া হবে। সংশ্লিষ্টরা জানিয়েছেন, সারাদেশে একযোগে একই প্রশ্নপত্রে প্রিটেস্ট পরীক্ষা এই প্রথমবারের জন্য অনুষ্ঠিত হচ্ছে। জানা গেছে, এ লক্ষ্যে মন্ত্রণালয় থেকে সব বোর্ডকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশ দেয়া হয়েছে। নির্দেশনা অনুযায়ী সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানের প্রিটেস্ট পরীক্ষা এখন একই রুটিনের অধীনে আগস্টের প্রথম সপ্তাহেই নিতে হবে।

আগামী বছর বা ২০১০ সালের এসএসসি পরীক্ষা হবে সৃজনশীল প্রশ্ন পদ্ধতিতে। মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, এ পদ্ধতির সঙ্গে পরিচিত ও অভ্যস্ত করাতে দশম শ্রেণীর টেস্ট পরীক্ষাও একই প্রশ্নপত্রের অধীনে অনুষ্ঠিত হবে। মূলত সৃজনশীল পদ্ধতি নিয়ে যথাযথ প্রস্তুতি এবং শিক্ষকদের প্রশিক্ষণ না দেয়ার অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকার এ ধরনের পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে।

সরকারের নির্দেশনায় আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটির আহ্বায়ক ঢাকা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক পরীক্ষা অনুষ্ঠানের কর্মসূচি ঘোষণা করেছে। ঘোষিত কর্মসূচির অধীনে প্রাক-নির্বাচনী পরীক্ষার বাংলা (আবশ্যিক) ১ম পত্র ও ধর্ম শিক্ষা বিষয় যথাক্রমে ৪ ও

আগস্টে :: পাতা ২ : কলাম ৮

## আগস্টে : পরীক্ষা

(৩য় পৃষ্ঠার পর)

১০ আগস্ট সকাল ১০টা থেকে ১টায় অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয়ভাবে বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিটের (বিইডিইউ) সহায়তায় প্রাক-নির্বাচনী ও নির্বাচনী প্রশ্নপত্র প্রণয়ন করে শিক্ষা বোর্ডগুলো মুদ্রণ ও সরবরাহের ব্যবস্থা করবে।

একইভাবে নির্বাচনী পরীক্ষা বাংলা (আবশ্যিক) ১ম পত্র ও ধর্ম শিক্ষা বিষয় দুটির পরীক্ষাও হবে। তবে তা একই দিনে একই সময়ে শিক্ষা বোর্ডের অভিন্ন প্রশ্নপত্রে অনুষ্ঠিত হবে। এ দুটি বিষয়ের খাতা মূল্যায়নের জন্য পরীক্ষকদের যুক্তিসঙ্গত পারিশ্রমিক ও সম্মানী প্রদান করা হবে।